গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

স্মারক নং: ১২.০১.০০০০.০১২.৩৮.০০১.২৫/২৩৮৯

১৫ই পৌষ ১৪৩২
তারিখ:---------------------
৩০ ডিসেম্বর ২০২৫

**বিষয়: আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ দমনে আগাম সর্তকবার্তা প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশের বিভিন্ন স্থানে আলুর আবাদ চলমান রয়েছে। আবহাওয়া অধিদপ্তরের তথ্যানুযায়ী এবং বিগত বছরগুলোর অভিজ্ঞতায় দেখা যায়, শীতকালীন এই সময়ে আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ মহামারী আকার ধারণ করতে পারে। এমতাবস্থায়, আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ থেকে ফসল রক্ষার্থে আপনার অঞ্চলের কৃষকদের মাঝে নিম্নোক্ত বার্তা ও করণীয়সমূহ ব্যাপকভাবে প্রচারের অনুরোধ করা হলো।

সংযুক্তঃ লিফলেট ০১ পাতা

পরিচালক(ভারপ্রাপ্ত)
উদ্ভিদ সংরক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

অতিরিক্ত পরিচালক
সকল অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

স্মারক নং: ১২.০১.০০০০.০১২.৩৮.০০১.২৫/২৩৮৯/১(২২)

১৫ই পৌষ ১৪৩২
তারিখ:---------------------
৩০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. পরিচালক, সরেজিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক (পেস্ট ম্যানেজমেন্ট, সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. উপপরিচালক (সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. উপপরিচালক (আইপিএম), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (আগাম সর্তকবার্তাটি ডিএই এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

প্রভাত চন্দ্র বর্মণ
উপপরিচালক(সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং)
উদ্ভিদ সংরক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

CamScanner

# আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ দমনে আগাম সর্তকবার্তা

**ঝুঁকিপূর্ণ আবহাওয়া:**

নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাস (মধ্য কার্তিক থেকে মধ্য ফাল্গুন) পর্যন্ত সময়কালটি আলুর মড়ক রোগের জন্য অত্যন্ত সংবেদনশীল। বিশেষ করে নিম্ন তাপমাত্রা (রাতে ১০-১৬০সে. এবং দিনে ১৬-২৩০সে.), কুয়াশাচ্ছন্ন মেঘলা আবহাওয়া ও গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হলে এ রোগ দ্রুত বিস্তার লাভ করে।

**রোগের লক্ষণ:**

রোগের আক্রমণে প্রথমে গাছের গোড়ার দিকের পাতায় ছোপ ছোপ ভেজা হালকা সবুজ গোলাকার বা বিভিন্ন আকারের দাগ দেখা যায়, যা দ্রুত কালো রং ধারণ করে এবং পাতা পচে যায়। সকাল বেলা মাঠে গেলে আক্রান্ত পাতার নিচে সাদা পাউডারের মত জীবাণু দেখা যায়।

**রোগ হওয়ার পূর্বে করণীয়:**

রোগের অনুকূল আবহাওয়ার পূর্বাভাস পাওয়ার সাথে সাথে রোগ প্রতিরোধের জন্য ৭ দিন পর পর ম্যানকোজেব গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক (যেমন- ডাইথেন এম-৪৫ বা ইন্ডোফিল এম-৪৫ বা পেনকোজেব ৮০ ডব্লিউপি) প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করে গাছ ভালোভাবে ভিজিয়ে দিতে হবে।

**রোগ হওয়ার পর করণীয়:**

- আক্রান্ত জমিতে সেচ প্রদান বন্ধ রাখতে হবে।
- রোগ দেখা মাত্রই ৪/৫ দিন পর পর
  -মেন্ডিপ্রোপামিড +সাইমোক্সানিল গ্রুপের ছত্রাকনাশক যেমন ক্যারিয়াল ফ্লেক্স ৪৩ ডব্লিউজি
  -ডাইমেথোমরফ +সাইমোক্সানিল গ্রুপের ছত্রাকনাশক যেমন পিলারজানিল ৭০ ডব্লিউডিজি (০.৭৫ গ্রাম/লিটার)
  -মেটালাক্সিল+ ম্যানকোজেব গ্রুপের ছত্রাকনাশক যেমন রাইমিল ৭২ ডব্লিউপি অথবা ভিটামিল ৭২ এমজেড
  -মেন্ডিপ্রোপামিড গ্রুপের ছত্রাকনাশক রিভাস ২৫০ এসসি গ্রুপের ছত্রাকনাশক (১ গ্রাম/লিটার)
  -ফ্লুমর্ফ + ম্যানকোজেব গ্রুপের ছত্রাকনাশক যেমন ফুলিমেইন (২গ্রাম/ লিটার)
  -সাইমোক্সানিল+ ম্যানকোজেবগ্রুপের ছত্রাকনাশক যেমন মাইক্রা ৭২ ডব্লিউপি (২গ্রাম/লিটার) জাতীয় অনুমোদিত ছত্রাকনাশক সঠিক মাত্রায় স্প্রে করতে হবে।
- গাছ ভেজা অবস্থায় স্প্রে না করাই ভালো, তবে জরুরি প্রয়োজনে অনুমোদিত ছত্রাকনাশকের সাথে প্রতি লিটার পানিতে ২ গ্রাম সাবানের গুঁড়া মিশিয়ে নিতে হবে। স্প্রে করার সময় অবশ্যই মাস্ক, গ্লাভস ও এপ্রোন ব্যবহার করতে হবে এবং বাতাসের অনুকূলে পাওয়ার স্প্রেয়ার ব্যবহার করা অধিক কার্যকর।

এমতাবস্থায়, আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ের কর্মকর্তাদের নিয়মিত মাঠ পরিদর্শন, লিফলেট বিতরণ, অন্যান্য আধুনিক এবং প্রতিষ্ঠিত প্রয়োজনীয় প্রতিরোধ এবং দমন ব্যবস্থা গ্রহণ করে সকল কৃষক, কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্ক থাকার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**প্রচারেঃ সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং অধিশাখা, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই,খামারবাড়ি, ঢাকা**

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন

জরুরি ফোন নম্বরঃ১৬১২৩( কৃষি কল সেন্টার)    ওয়েবসাইটঃ www.dae.gov.bd

CamScanner